গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
কুমারখালী, কুষ্টিয়া
www.doict.kumarkhali.kushtia.gov.bd

## আইসিটি কমিটির মে, ২০২৫ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এস এম মিকাইল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার, কুমারখালী, কুষ্টিয়া ।
সভার তারিখ : ১৩-০৫-২০২৫ খ্রিঃ
সভার সময় : বেলা ১২:৩০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। এ উপজেলায় আইসিটির বিস্তার ও উন্নয়নে আলোচ্যসূচি অনুসারে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **০১। গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ** : সভাপতির অনুমতিক্রমে উপজেলা আইসিটি অফিসার, কুমারখালী, কুষ্টিয়া কর্তৃক পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি অনুমোদিত হলো। | |
| **০২। মাল্টিমিডিয়া ক্লাসরুমঃ** উপজেলার সকল সরকারি, বে-সরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসায় মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে ক্লাস পরিচালিত হচ্ছে। | ১। মাল্টিমিডিয়া ক্লাসরুম ড্যাশবোর্ড ম্যানেজমেন্ট সিস্টেম নিয়মিত মনিটরিং করতে হবে।<br>২। নষ্ট / মেরামতযোগ্য কম্পিউটার সামগ্রী স্ব স্ব শিক্ষাপ্রতিষ্ঠান নিজ খরচে মেরামত করবে।<br>৩। প্রতিমাসে শিক্ষাপ্রতিষ্ঠান ওয়ারি মাল্টিমিডিয়া ক্লাসের সংখ্যার রিপোর্ট দিতে হবে | ১.মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।<br>২. স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান। |
| **০৩। আইসিটিডি ডিজিটাল ল্যাব:** উপজেলা আইসিটি অফিসার, আইসিটি অধিদপ্তর, কুমারখালী, কুষ্টিয়া বলেন যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক কুমারখালী উপজেলায় ১ম পর্যায়ে স্থাপিত ০৮ টি আইসিটিডি ডিজিটাল ল্যাব চালু রয়েছে। ২য় পর্যায়ে ১১ টি আইসিটিডি ডিজিটাল ল্যাব চালু আছে । উপজেলার মোট ১৯ টি আইসিটিডি ডিজিটাল ল্যাব ও ১ টি স্কুল অফ ফিউচার এর কার্যক্রম চালু রয়েছে।<br>এছাড়া ২০২৩-২০২৪ অর্থবছরে কুমারখালী উপজেলাতে নতুন করে ২৬ টি আইসিটিডি ডিজিটাল ল্যাবের প্রস্তাব করা হয়েছে। নতুন ল্যাবের অনুমোদনের কার্যক্রম চলমান আছে। | ১) ল্যাবগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>২) নিয়মিতভাবে ল্যাবগুলো পরিদর্শন করতে হবে।<br>৩) পরিদর্শনকৃত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১.উপজেলা নির্বাহী অফিসার, কুমারখালী, কুষ্টিয়া ।<br>২.উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুমারখালী, কুষ্টিয়া<br>৩. মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।<br>৪.স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান । |
| **০৪। ওয়েব পোর্টাল হালনাগাদকরণ:** আলোচনা চলাকালে সভাপতি বলেন যে, ইতঃপূর্বে তাঁর কার্যালয়ের থেকে উপজেলার সকল দপ্তরকে ওয়েব পোর্টাল হালনাগাদ করণের জন্য চিঠি প্রদান করা হয়েছে। উপজেলা আইসিটি অফিসার সভায় জানান, বিভিন্ন দপ্তর থেকে তার সাথে মোবাইলে যোগাযোগ করলে | ১। ওয়েব পোর্টালে অন্তর্ভুক্ত সকল দপ্তর দ্রুত তথ্য হালনাগাদ করবেন।<br>২। স্ব স্ব দপ্তরের ভাতাভোগীদের তালিকা, নোটিশ, খবর আপডেট করতে হবে। | ১.উপজেলা নির্বাহী অফিসার, কুমারখালী, কুষ্টিয়া ।<br>২.স্ব স্ব দপ্তর প্রধান।<br>৩.উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ |

| | | |
|---|---|---|
| হালনাগাদ করবেন। ওয়েব পোর্টাল হালনাগাদকরণ একটি চলমান প্রক্রিয়া। এটি সব সময় হালনাগাদ করা প্রয়োজন। | অন্তর অন্তর পরিবর্তন করতে হবে। | |
| **০৫। ই-ফাইলিং কার্যক্রমের বৃদ্ধিকরণ :** উপজেলা আইসিটি অফিসার, আইসিটি অধিদপ্তর, কুমারখালী, কুষ্টিয়া সভায় জানান, ই-নথি এখন ডি-নথিতে মাইগ্রেশন হয়েছে। তবে বর্তমানে শুধু মাত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ডি-নথির অধিনে রয়েছে। বাকি ১০ টি দপ্তরগুলোকে পর্যাক্রমিকভাবে ডি-নথির আওতায় আনা হবে। তবে ই-নথিতে ১০টি দপ্তর তাদের কার্যক্রম করতে পারবে। বর্তমানে এটুআই হতে রিপোর্ট আপলোড বন্ধ থাকলেও, উপজেলা পর্যায়ের সকল সরকারি অফিসের ই-নথির ব্যবহারের বিষয়ে গুরুত্বারোপ করা হয়েছে। | ১। ডি-নথি/ ই-নথিতে সম্পৃক্ত সকল দপ্তরকে ই-নথি কার্যক্রম আরও বৃদ্ধি করতে হবে। | ১।উপজেলা নির্বাহী অফিসার কুমারখালী, কুষ্টিয়া।<br>২।স্ব স্ব দপ্তর প্রধান।<br>৩।উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুমারখালী, কুষ্টিয়া। |
| **০৬।ইডিসি:**এস্টাব্লিশিং ডিজিটাল কানেক্টিভিটি এর আওতায় কুমারখালী উপজেলাতে বিভিন্ন সরকারি অফিস ও শিক্ষা প্রতিষ্টানে ২০ এমবিপিএস এর ২৭৭ টা কানেশন স্তাপিত হবে ,যার কার্যক্রম ইতিমধ্যে শুরু হয়েছে ৮৬ টা প্রতিষ্ঠানে ডিভাইস সরবরাহ করা হয়েছে ও কার্যক্রম চলমান আছে। | ১।প্রত্যেক প্রতিষ্ঠান স্পেসিফিকেশন অনুসারে কানেকশন বুঝে নিবে। | ১।উপজেলা নির্বাহী অফিসার কুমারখালী, কুষ্টিয়া।<br>২।উপজেলা আইসিটি কমিটি<br>৩।উপজেলা আইসিটি অফিসার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,কুমারখালী,কুষ্টিয়া। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/০৫/২৫
(এস এম মিকাইল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
কুমারখালী, কুষ্টিয়া
unokumarkhali@mopa.gov.bd

স্মারক নম্বর-৫৬.০৪.৫০৭১.০০০.০৬.০০৯.২৫.০৫

তারিখ : ৩০ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ.
১৩ মে, ২০২৫ খ্রি.

**অনুলিপি: সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা ।
০২। জেলা প্রশাসক, কুষ্টিয়া ।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), কুষ্টিয়া
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া ।
০৫। জেলা আইসিটি অফিসার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,জেলা কার্যালয়,কুষ্টিয়া।
০৬। উপজেলা..........................................কর্মকর্তা,কুমারখালী,কুষ্টিয়া।
০৭। জনাব..........................................সদস্য,উপজেলা আইসিটি বিষয়ক কমিটি , কুমারখালী , কুষ্টিয়া ।
০৮। অফিস কপি ।

১৩/০৫/২৫
(মোঃ মিরাজুল ইসলাম)
উপজেলা আইসিটি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি